দৈনিক বাংলা

তারিখ 27 OCT 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

৩৬

# গ্রামের রাজনীতি ও শিক্ষকতা

গত ২৭ শে সেপ্টেম্বর দৈনিক বাংলা জনমত কলামে প্রকাশিত পঞ্চগড় জেলার ভিতরগড় এলাকার জনাব হামিদ সাহেবের 'ভিতরগড় উচ্চ বিদ্যালয়ের দুরবস্থা' শীর্ষক লেখাটির জন্যে তাঁকে আমাদের ভিতরগড়বাসীর পক্ষ থেকে জানাই আন্তরিক ধন্যবাদ। তিনি সাহসিকতার সাথে স্কুলটির ধ্বংসোম্মুখ চিত্র তুলে ধরে এটিকে রক্ষার ব্যাপারে যথার্থ পরামর্শ ও অভিমত ব্যক্ত করেছেন। বস্তুত স্কুলটির শিক্ষার মান এবং এর পরিচালনার দিকে নজর দিলে সত্যিই দুঃখ লাগে। দুঃখ লাগে স্কুলের ছাত্রছাত্রীদের পরীক্ষার ফলাফল দেখে। স্কুলের কিছু শিক্ষকের শিক্ষকতার চেয়ে গ্রাম্য রাজনীতি বা মতব্বরীর দিকে ঝোঁক বেশী। বেশীর ভাগ শিক্ষকদের দেখা যায় স্কুল সংলগ্ন বাজারে এবং বাড়িতে আড্ডা দিতে। এলাকার বিচার সালিশ থেকে শুরু করে যাবতীয় মাতব্বরীতে বেশী সময় নষ্ট করেন তাঁরা। ছাত্রছাত্রীরা শিক্ষার পরিবর্তে পায় কুশিক্ষা। খেলাধুলা ও বিনোদনের তো কোন কথাই নেই।

এ অবস্থায় স্থানীয় অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের নিয়ে পড়েছেন সমস্যায়। তাই উর্ধ্বতন কর্তৃপক্ষ এ স্কুলটির ব্যাপারে সংশ্লিষ্ট মাননীয় শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছেন। স্কুলের বর্তমান অনভিজ্ঞ পরিচালনা ও কমিটি বাদ দিয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে নতুন কমিটি গঠন এবং নতুন অভিজ্ঞ শিক্ষক নিয়োগ করে স্কুলটিকে পূর্বেকার অবস্থায় ফিরিয়ে আনার জন্যে তাদের প্রতি আবেদন জানাই। এই সঙ্গে স্কুলের শিক্ষকদের প্রতি অনুরোধ, শিক্ষকতা করুন এবং গ্রাম্য রাজনীতি ছেড়ে দিয়ে আদর্শ শিক্ষকতার মত মহান পেশায় আত্মনিয়োগ করুন।

মোঃ একরামুল হক
ভিতরগড়, পঞ্চগড়।